

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন। তারিখ : ৩০/০৩/২০২৩ ইং, সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি : জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে মার্চ/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

আলোচ্য সূচি-২:

২০২২-২৩ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ১ম কিস্তিতে ৩,৭৪,৮০০/-কথায়: (তিন লক্ষ চুহান্তর হাজার আটশত) টাকার বরাদ্দ পাওয়া গিয়াছিল। প্রতিটি ওয়ার্ড হইতে উন্মুক্ত ওয়ার্ড সভার মাধ্যমে উপস্থিত জনগণ তাদের চাহিদা মোতাবেক স্কীমের তালিকা ইউপি অফিসে জমা দেওয়ার পর যাচাই-বাছাই করার জন্য স্ব স্ব স্ট্যান্ডিং কমিটির নিকট প্রেরণ করা হয়েছিল। তারপর উক্ত কমিটি যাচাই-বাছাই করিয়া চলতি অর্থবছরে বাস্তবায়নযোগ্য স্কীমের তালিকা পুনরায় ইউপি অফিসে জমা দিয়াছিল। এখন উক্ত স্কীমগুলোর মধ্য হইতে অত্র সভায় যাচাই-বাছাই করিয়া ৪টি প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য ব্লক গ্রান্ড কো-অর্ডিনেশন কমিটিতে (বিজিসি) প্রেরণ করা হয়েছিল। উক্ত প্রকল্পগুলোর মধ্য হইতে ৩টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছিল এবং রাস্তার জমি সংক্রান্ত জটিলতার কারণে উক্ত স্কীমের ৩ নং প্রকল্প “রাজধরপুর শাহাতাবের বাড়ী হইতে চৌধুরী বাড়ীর অভিমুখে রাস্তার ফ্লাট সোলিং” টি বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। পরবর্তীতে ইউপি সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত প্রকল্পটি বাদ দিয়ে ৭নং ওয়ার্ডের “কামারখালী সরকারি বালিকা বিদ্যালয় হইতে পারভেজ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তার ফ্লাট সোলিং” করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি-৩:

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, মাননীয় জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের কার্যালয় হইতে ১৬,৭০০/- কথায়: (ষোল হাজার সাতশত) টাকা অনুদান পাওয়া গিয়াছে। উহা ব্যয় করা এবং ব্যয়ের ভাউচার জরুরীভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণের নির্দেশনা রহিয়াছে। ইউপি সদস্য জনাব আবুল কালাম আজাদ জানতে চাইলেন এই টাকা ব্যয়ের কোন নির্দেশনা আছে কিনা? তখন চেয়ারম্যান মহোদয় উত্তর দিলেন যে, এই টাকা জন্ম-মৃত্যু নিবন্ধন কাজের জন্য ব্যয় করা যাইবে। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত টাকা দ্বারা কাগজ, প্রিন্টারের কালি, জন্ম-মৃত্যু নিবন্ধনের মাইকিং করার টাকা ব্যয়ের ভাউচার জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

আলোচ্য সূচি-৪:

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে অত্র ইউনিয়নের অনুকূলে ২৯০টি কার্ডের উপবরাদ্দ পাওয়া গিয়াছে। জরুরী ভিত্তিতে ২৯০টি দুঃস্থ অসহায় পরিবার প্রধানের নামের তালিকা প্রস্তুত করিয়া উপজেলা নির্বাহী অফিসারের দ্রাণ শাখায় দাখিল করিতে হইবে। কোনো ব্যক্তি সরকারের অন্য কোন ধরনের সামাজিক নিরাপত্তার মধ্যে থাকলে সে এই কার্ড পাইবে না। একই পরিবারের অনধিক ১ জনের বেশি প্রাপ্যদার হবেন না। তখন ইউপি সদস্য মোঃ আশরাফ মোল্যা প্রস্তাব করেন যে, জনসংখ্যা ও দুঃস্থতাকে অগ্রাধিকার দিয়া কার্ড বিভাজন করা হোক। ইউপি সদস্য জনাব মোসাঃ মমতাজ বেগম প্রস্তাবটি সমর্থন করেন। তখন প্রস্তাবনার উপর ব্যাপক আলোচনা হইল এবং আলোচনান্তে জনসংখ্যা, দুঃস্থ ও নদী ভাংগনকে অগ্রাধিকার দিয়া কার্ড বিভাজন করা হইল এবং জরুরী ভিত্তিতে সদস্যগণ তালিকা অফিসে জমা দিবেন। ঈদের আগেই ভিজিএফ এর চাউল ১০ কেজি হারে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

আলোচ্য সূচি-৫:

সভায় চেয়ারম্যান সাহেব জানান যে, বিগত ১৪২৯ সালে খেয়াঘাট ও খোয়াড় সমূহের ইজারার মেয়াদ অল্প দিনের মধ্যে শেষ হবে। বাংলা ১৪৩০ সালের ইজারার বিষয় পদক্ষেপ গ্রহণ করার কথা জানান। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে নতুন বছর শুরু হওয়ার পূর্বেই বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া যথাযথভাবে ইজারা প্রদানের প্রক্রিয়া করার জন্য সচিবকে অনুরোধ করা হইলো।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি

তারিখ: ৩০/০৩/২০২৩ খ্রি:



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।